



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১৩৪

তারিখ: ১৫ মাঘ ১৪২৯

২৯ জানুয়ারি ২০২৩

অফিস আদেশ

‘সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০১৮’-এর আলোকে সদ্য সরকারিকৃত শাহদৌলা সরকারি ডিগ্রি কলেজ, বাঘা, রাজশাহী-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল মান্নান (ইনডেক্স-০১৮৯৪৮) অবসরজনিত কারণে ১৪-১২-২০২২ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রভাষক (নন-ক্যাডার), জনাব মোঃ আবু বক্কর সিদ্দীক (ইনডেক্স-৬১৬৪৮২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। কলেজে এডহক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় এবং আবেদনের সাথে প্রেরিত তথ্য, নথিতে সংরক্ষিত তথ্য যাচাইয়ান্তে জ্যেষ্ঠ শিক্ষক বিবেচনায় জনাব মোঃ আবু বক্কর সিদ্দীক (ইনডেক্স-৬১৬৪৮২)-কে শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ তাঁর নিজের এবং অন্যান্য শিক্ষক-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা হিসেবে আর্থিক ক্ষমতা প্রদান হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৯-১-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১৩৪/১

তারিখ: ১৫ মাঘ ১৪২৯

২৯ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন) , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ৪) জেলা প্রশাসন -----;
- ৫) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৬) উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৭) জনাব মোঃ আবু বক্কর সিদ্দীক (ইনডেক্স-৬১৬৪৮২), শাহদৌলা সরকারি ডিগ্রি কলেজ, বাঘা, রাজশাহী;
- ৮) সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার -----;
- ৯) সংরক্ষণ নথি।



২৯-১-২০২৩

মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক